



শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি  
ভাতশালা, শেরপুর।



Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.৮৯৮৮.৫৬৩.০৯.০১৮.২২ (১৪২৮)- ০৭২০

তারিখঃ ২৪ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ।  
০৭ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ।

মেসার্স-----  
-----  
-----

**বিষয়ঃ- মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের প্রশিক্ষণ কর্মসূচী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির সদর দপ্তরের প্রশিক্ষণ রুমে আগামী ০৭-০৫-২০২২ খ্রিঃ হতে মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকবলের (সুপারভাইজার/লাইনম্যান) “পবিস বিতরণ লাইন নির্মাণ (টিসি-২৪০)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগ্রহী মিনি ঠিকাদার প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনসহ মনোনীত সুপারভাইজার ও লাইনম্যান-কে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ-**

- ০১। ক্লাইমিং কাজে অসামর্থ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণে অযোগ্য বিবেচিত হবেন।
- ০২। প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ফি বাবদ ৪,০০০.০০ (চার হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/নগদ – “শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি- এর অনুকূলে আগামী ২৭-০৪-২০২২ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ০৩। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক প্রেরিত ফরম নং- প্রপফ-০২৯-০০১, ভার্সন- ২, তারিখঃ ২৬/১১/২০১৩ খ্রিঃ “Trainee's Personal Data Form” আয়োজনকারী পবিস হতে সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে আগামী ২৩-০৪-২০২২ ইং তারিখের মধ্যে শেরপুর পবিস-এ জমা প্রদান করতে হবে।
- ০৪। প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠানের সত্বাধিকারী কর্তৃক পাসপোর্ট সাইজের তিন কপি এবং স্ট্যাম্প সাইজের এক কপি রঙিন ছবি ও “Trainee's Personal Data Form” এর সঙ্গে জমা দিতে হবে।
- ০৫। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজনকে অবশ্যই ডাক্তার কর্তৃক শারীরিক সক্ষমতার সার্টিফিকেট সংগ্রহপূর্বক জমা প্রদান করতে হবে।
- ০৬। অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠানকে বাপবিবোর্ড কর্তৃক তালিকাভুক্তির অনুমোদনপত্র জমা দিতে হবে।
- ০৭। সুপারভাইজার পদে প্রশিক্ষণের জন্য এইচএসসি অথবা যেকোন বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সনদের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
- ০৮। লাইনম্যান পদে প্রশিক্ষণের জন্য সর্বনিম্ন অষ্টম/জেএসসি পাশের মূল ও সত্যায়িত কপি আনতে হবে।
- ০৯। প্রশিক্ষণার্থীকে জন্ম সনদের মূল ও সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ আনতে হবে।
- ১০। প্রশিক্ষণার্থীকে জাতীয় পরিচয় পত্রের মূল ও সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে (যদি থাকে)।
- ১১। প্রশিক্ষণার্থীকে বয়স কোর্স শুরুর তারিখ সর্বনিম্ন ১৮ (আঠার) বৎসর হতে হবে।
- ১২। কোন প্রশিক্ষণার্থী একাধিক প্রতিষ্ঠানে কিংবা একই প্রতিষ্ঠানের একাধিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
- ১৩। প্রশিক্ষণার্থীর আবেদন পত্রের ক্রমিক নং-০৪ এ উল্লেখিত সাইজের ছবি ঐটে দিয়ে এমনভাবে কোর্স আয়োজনকারী প্রতিষ্ঠানের গোল সীল মারতে হবে যাতে সীলের ছাপের অর্ধেক অংশ আবেদন পত্রের উপর এবং অবশিষ্ট অংশ ছবির উপরের কর্ণারে থাকে। একই প্রক্রিয়ায় কোর্সের সমন্বয়কারী ছবির নিচে কর্ণারে তার নামযুক্ত সীল প্রদান করবেন। এক্ষেত্রে স্বাক্ষর ও সীলে ছাপের অর্ধেক অংশ আবেদনপত্রের উপর এবং অবশিষ্ট অর্ধেক অংশ ছবির নীচের কর্ণারে থাকে।
- ১৪। কাঠের ও এসপিসি পোলে আরোহণ এবং অনুশীলনের জন্য বুট জুতা ও ক্লাইম্বার সেটসহ কোর্স শুরুর দিন সকাল ০৯.০০ ঘটিকায় প্রশিক্ষণার্থীকে নির্ধারিত প্রশিক্ষণ স্থলে উপস্থিত থাকতে হবে।
- ১৫। কোন প্রশিক্ষণার্থী একাধিক পদে প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করতে পারবেনা। তবে এসএসসি অথবা সমমান পরীক্ষায় পাস এবং লাইনম্যান পদে কৃতকার্য হলে সুপারভাইজার পদে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। সুপারভাইজার হিসেবে কৃতকার্য হলে লাইনম্যান হিসেবে প্রাপ্ত সনদ বাপবিবোর্ডে ফেরত দিতে হবে। তথ্য গোপনকারী প্রশিক্ষণার্থীর সনদ বাতিল করা সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।